

শিকড়ে মৌন নাটক

শিল্প হলো প্রকৃতির প্রতিচ্ছবি। এর নেই কোনো নির্দিষ্ট মাধ্যম বা প্রকাশের প্রকারভেদ। যুগ যুগ ধরে মানুষ নিজস্ব পরিবেশ ও পরিধির মধ্যেই খুঁজে বের করে নিয়েছে নিজের ভালোলাগা ও মত প্রকাশের নিজস্ব মাধ্যম।

এই মাধ্যম কখনো রঙতুলির বিরাত ক্যানভাস, কখনো মাটির মূর্তি বা কখনো শিকড়ে মৌন নাটক।

ফেরদৌসী প্রিয়ভাষিণী হচ্ছেন এমন একজন শিল্পী, যার মাধ্যম হলো কাঠের স্থাপত্য। গাছের গুঁড়ি, বাকল, শুকনো পাতা, বেত বা বাঁশ ও হাতুড়ি-বাটল দিয়েই তিনি নিজের ক্যানভাস সাজিয়েছেন।

ধানমন্ডি ২৭ নম্বর রোডের মুখে বেঙ্গল গ্যালারি অব ফাইন আর্টস। যেখানে গত ১২ আগস্ট শুরু হয়েছে ফেরদৌসী প্রিয়ভাষিণীর একক শিল্প প্রদর্শনী।

প্রেম, মুক্তিযুদ্ধ, পাখি বা সমাজের বিশেষ ক্ষেত্রগুলো

তিনি তুলে ধরেছেন তার স্থাপত্যে। তিনি প্রেরণা পেয়েছেন তার সাংস্কৃতিক পরিমণ্ডলে গড়ে ওঠা ছেলেবেলার শিক্ষা থেকে। বিশ্বের সব দাঙ্গা ও যুদ্ধকবলিত মানুষ, জীবনানন্দ দাশের কবিতা, বিভূতিভূষণের উপন্যাস, রবীন্দ্রনাথের গল্পের পাত্রপাত্রী তার কাজের প্রধান উৎস বা প্রেরণা। তার ছেলেবেলা তাকে শিক্ষা দিয়েছে দলবদ্ধতার, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদের ও শক্তির। এই মূল্যবোধ প্রতিফলিত তার প্রত্যেকটি কাজে।

সারিবদ্ধ পেঁচার দল বা ভালোবাসার সন্ধান জড়ানো পাখি, যুগলবন্দি মানব-মানবী দেখলেই তার মূল্যবোধ আরও স্পষ্ট



'গানে গানে কিছুক্ষণ' অনুষ্ঠানে ধাঁধা বিজয়ীদের সঙ্গে আগত অতিথিবৃন্দ

ইলেক্ট্রো ইন্টারন্যাশনালের পুরস্কার বিতরণী

ইলেক্ট্রো ইন্টারন্যাশনালের উদ্যোগে ১৭ আগস্ট জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে বাংলাদেশ বেতারে প্রচারিত স্যামসং টেলিভিশন 'গানে গানে কিছুক্ষণ' অনুষ্ঠানের ধাঁধা বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কথাসাহিত্যিক রাহাত খান। বিশেষ অতিথি ছিলেন ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মোল্লা জালাল। অন্যান্যের মধ্যে ছিলেন ইলেক্ট্রো ইন্টারন্যাশনালের চেয়ারম্যান সানাউল্লাহ শহীদ ও গৌরাঙ্গ দে। প্রধান অতিথির বক্তব্যে রাহাত খান বলেন, ব্যবসায় সততা থাকা দরকার। আজ দেশ থেকে সততা শব্দটি ক্রমেই উঠে যাচ্ছে। ডিউইজের সাধারণ সম্পাদক মোল্লা জালাল বলেন, ইলেক্ট্রো ইন্টারন্যাশনাল ক্রমেই এ দেশের মানুষের কাছে আস্থার প্রতীক হয়ে উঠেছে। আলোচনা সভা শেষে প্রত্যন্ত অঞ্চল থেকে আসা ১০ জন বিজয়ীর মাঝে পুরস্কার তুলে দেয়া হয়।



প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক রঞ্জনী উন্নয়ন ব্যুরোকে জমি হস্তান্তর অনুষ্ঠানে বাণিজ্য মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, বাণিজ্য প্রতিমন্ত্রী বরকত উল্লাহ বুলু এবং প্রতিরক্ষা সচিব কে এম এহসানুল হক

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জমি হস্তান্তর

প্রতিরক্ষা মন্ত্রণালয় ১৮ আগস্টে রঞ্জনী উন্নয়ন ব্যুরোর কাছে পুরনো বিমানবন্দরের ১৭.০০ একর জমি হস্তান্তর করেছে।

প্রতিরক্ষা মন্ত্রণালয় পুরনো বিমানবন্দরে স্থায়ী বাণিজ্য মেলা কমপ্লেক্স নির্মাণের উদ্দেশ্যে রঞ্জনী উন্নয়ন ব্যুরোকে ৩৫.০০ একর জমি হস্তান্তরের সিদ্ধান্ত নিয়েছে। জমি হস্তান্তরের প্রথম পর্ব এ দিন সম্পন্ন হয়।

বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, বাণিজ্য প্রতিমন্ত্রী বরকত উল্লাহ বুলু, প্রতিরক্ষা সচিব কে এম এহসানুল হক এবং অন্যান্য উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তা এ সময় উপস্থিত ছিলেন।

নতুন ফ্যাশন হাউজ কাপাসিয়ায়

গাজীপুরের কাপাসিয়ায় ১৬ আগস্ট উদ্বোধন হয়েছে 'উৎসব' ফ্যাশন হাউজের। এটির কর্ণধার আড়ৎ-এর এক যুগ অভিজ্ঞতাসম্পন্ন এক সময়কার স্টাফ ডিজাইনার আমজাদ হোসেন।

উদ্বোধন করেছেন ফ্যাশন ডিজাইনার লিপি খন্দকার। গ্রাম বাংলার ঐতিহ্য এবং শহরের আধুনিক রুচিসম্মত বিভিন্ন ডিজাইনের পোশাক নিয়ে এর যাত্রা শুরু। এখানে মেয়েদের আইটেমের মধ্যে থাকছে সালোয়ার-কামিজ, দোপাট্টা, টাঙ্গাইলের শাড়ি, পাবনা শাড়ি, জামদানি, কাতান, বেনারসী ও প্লেন শাড়ি।

ছেলেদের পোশাকের মধ্যে পাঞ্জাবি-পায়জামা, ফতুয়া, শার্ট ও টি-শার্টের এক বিশাল সংগ্রহ রয়েছে। নিউবর্ন বেবি থেকে শুরু করে চিলড্রেন আইটেমের বিভিন্ন ডিজাইনের পোশাক থাকবে এখানে।

হাউজ হোল্ড আইটেমের মধ্যে রয়েছে বেড কভার, পিলো কভার, কুশন কভার, টেবিল ক্লথ, প্লেসমেট, জুয়েলারি, ন্যাপকিন ইত্যাদি। বিশেষ আকর্ষণ : শাড়ি ও সালোয়ার-কামিজ প্রদর্শনী। চলবে ২৩ থেকে ২৮ আগস্ট পর্যন্ত।

হয়ে ওঠে।

বেঙ্গল গ্যালারিকে তার ৬০টি শিল্পকর্ম দিয়ে সাজানো হয়েছে। প্রত্যেকটি শিল্পকর্ম যেন কথা বলছে ভালোবাসার, যুদ্ধের, কষ্টের, শান্তির অথবা শক্তির। শিল্পীর নিজস্বতা, তার ভালোবাসা প্রত্যেকটি কর্মে এমনভাবে বিরাজ

করছে যেন ঠিক ঐভাবেই পড়ে ছিল সেই গাছের গুঁড়ি, বাকল, শুকনো পাতা। তার শিল্পকর্মের কোথাও কোনো অকৃত্রিমতা দেখা যায় না। প্রকৃতিপ্রেমী প্রিয়ভাষিণী তার শিল্পের পরতে পরতে প্রেম ফুটিয়ে তুলেছেন।

বেঙ্গল ফাউন্ডেশন, বাংলাদেশ শিল্পকলা

চট্টগ্রামে বিএসএস- আইইউবি

বাণিজ্য মেলা

ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের (আইইউবি) বিজনেস স্টুডেন্ট সোসাইটি চট্টগ্রাম ক্যাম্পাসে 'বিএসএস-আইইউবি ট্রেড ফেয়ার ২০০২' নামে তিন দিনব্যাপী এক বাণিজ্য মেলার আয়োজন করেছে। মেলা শুরু হবে ২২ আগস্ট শুক্রবার, চলবে ২৪ আগস্ট পর্যন্ত। বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের ৪৩টি দল ও দু'টি মিনি প্যাভিলিয়ন এই মেলায় স্থান পাবে। প্রেস বিজ্ঞপ্তি।

একাডেমী, ঢাকা আর্ট কলেজ সেন্টার গ্যালারি, জাতীয় জাদুঘর ও সর্বশেষ বেঙ্গল গ্যালারি অব ফাইন আর্টে অনুষ্ঠিত হয়েছে শিল্পীর একক প্রদর্শনী। আগামী ২৯ আগস্ট পর্যন্ত বেঙ্গল গ্যালারিতে অনুষ্ঠিত হবে এই প্রদর্শনী।